



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/২৮৪

তারিখঃ ২৮/০২/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪২১ তম কমিশন সভা অদ্য ২৮/০২/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :


১. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি '৫(ক)' এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি '৬(ক)' এর প্রস্তাবিত সংশোধনীর উপর জনমত জরীপের পরে গেজেট নোটিফিকেশন জারীর সিদ্ধান্ত কমিশন সভায় অনুমোদিত হয়।
২. Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এর Rule 3(3)(g) এর প্রস্তাবিত সংশোধনীর উপর জনমত জরীপের পরে গেজেট নোটিফিকেশন জারীর সিদ্ধান্ত কমিশন সভায় অনুমোদিত হয়।
৩. কমিশন আজকের সভায় Bank Asia Limited এর ১১০ কোটি টাকার Subordinated Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৬ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Un-secured, Non listed, Redeemable non convertible bond, yield to maturity 13%। বন্ডটি ০৬ বছরে Full Redemption হবে, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরাই শুধুমাত্র প্রাইভেট প্রেসমেন্ট এর মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে ব্যাংক এশিয়া লিঃ ব্যাসেল টু এর শর্ত পূরণ, Tier 2 মূলধন বৃদ্ধি, ব্যাংকের চলতি প্রবৃদ্ধি বজায় রাখা ইত্যাদি কাজে ব্যয় করবে। ব্যাংক এশিয়া লিঃ Subordinated Zero Company Bond এর প্রতি ইউনিটের অভিজিত মূল্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। এই বন্ডের ইস্যু ম্যানেজার হিসেবে Industrial and Infrastructure Development Finance Company Ltd. (IIDFC) কাজ করছে।
৪. কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক প্রস্তাবিত অনির্বাচিত পরিচালক হিসেবে মিস. পারভিন মাহমুদ, এফসিএ এর পরিবর্তে মোঃ সাইফুল ইসলাম, এফসিএ, সভাপতি, আইক্যাভ এর নিয়োগ অনুমোদন করেছে।
৫. সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করায় ট্রাস্ট ব্যাংক ইনভেস্টমেন্ট লিঃ (মার্চেন্ট ব্যাংক) কে সতর্কীকরণ পত্র ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

৬. সভায় নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৯/এডমিন/০৩-৪৮ তারিখঃ জুলাই ১৪, ২০১০ ভঙ্গের কারণে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ এর স্পন্সর ডিরেক্টর প্রফেসর এম, এ, মান্নান, মিসেস. নারগীস মান্নান, ড. রেশমী মান্নান সিদ্দিকী, ড. গালিব মান্নান প্রত্যেককে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
৭. কমিশনের নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৯/এডমিন/০৩-৪৮ তারিখঃ জুলাই ১৪, ২০১০ ভঙ্গ করার কারণে মোহাম্মদ সোলেমান চৌধুরী (যিনি এস, আলম কোল্ড রোল্ড স্টীলস্ লিঃ এর প্রেসমেন্ট হোল্ডার) কে কমিশন ১ লক্ষ টাকা জরিমানা ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৮. সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার জন্য সভায় ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ (ইস্যুয়ার) কে কমিশন সতর্ক পত্র প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৯. নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin তারিখ 27/09/2009 ভঙ্গ করার কারণে সভায় কমিশন প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ কে ১ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
১০. কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin তারিখঃ 27/09/2009 পরিপালনে ব্যর্থতার জন্য সভায় ফু-ওয়াং সিরামিক ইন্ডাস্ট্রি লিঃ কে ১ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
১১. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১, দ্বিতীয় তফসিলে বর্ণিত স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধিদের আচরণ বিধি ১ এবং ৬ ভঙ্গ করায় মোহাম্মদ আল আমিন (সিএমএসএল সিকিউরিটিজ এর অনুমোদিত প্রতিনিধি) এর বরাবরে ইস্যুকৃত অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদপত্র বাতিল করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।
১২. কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখঃ 14/07/2010 ভঙ্গের দায়ে সভায় ফু-ওয়াং ফুডস্ লিঃ এর চেয়ারম্যান জনাব মোঃ সাদেক কে ১ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
১৩. আজকের সভায় Chittagong Stock Exchange Ltd. (Short Sale) Regulation এর Regulation 4 (1) ভঙ্গের দায়ে কমিশন, সিলনেট সিকিউরিটিজ লিঃ এবং ফাস্টলিড সিকিউরিটিজ লিঃ কে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২৮/০২/২০১১
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র